

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ১৮

ডিসেম্বর ২১, ২০০৯
তারিখ :-----
পৌষ ০৭, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

তত্ত্বাবধায়ক সরকারের আমলে বন্ধ ও ক্ষতিগ্রস্ত
শিল্প প্রতিষ্ঠানের ঋণ পুনঃতফসিলিকরণ প্রসঙ্গে।

বিগত তত্ত্বাবধায়ক সরকারের গৃহীত বিভিন্ন কর্মকাণ্ডের প্রেক্ষাপটে বিভিন্ন ব্যবসায়িক শ্রেণীর দেশ ত্যাগ, আত্রাগোপন বা জেলে আটক থাকার কারণে তাদের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ ক্ষতিগ্রস্ত হয়। ফলশ্রুতিতে, তাদের ব্যবসা/শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত ঋণ মেয়াদোত্তীর্ণ হয়ে শ্রেণীবিন্যাসিত ও খেলাপী ঋণে পরিণত হয়েছে। এ সকল ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী/শিল্প প্রতিষ্ঠানকে ঋণ খেলাপী থেকে উত্তরণের মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে সচল করতঃ জাতীয় অর্থনীতিতে গতিশীলতা আনয়ন আবশ্যিক।

এ প্রেক্ষিতে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, তত্ত্বাবধায়ক সরকারের সময়কালে বিভিন্ন ব্যবসায়িক শ্রেণী বিশেষতঃ বৃহৎ ব্যবসায়ী ও শিল্পপতিদের মধ্যে আতংক ও হয়রানির প্রেক্ষাপটে দেশ ত্যাগ, আত্রাগোপন বা জেলে আটক থাকার কারণে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানের শ্রেণীবিন্যাসিত ও খেলাপী ঋণ আবশ্যিকীয় ডাউন পেমেন্ট ছাড়া ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে কেইসের গুরুত্ব (Merit) বিবেচনায় পুনঃতফসিল করা যাবে। ব্যাংকসমূহ কর্তৃক প্রকৃত ক্ষতিগ্রস্ত গ্রাহক/প্রতিষ্ঠান চিহ্নিত হওয়া সাপেক্ষে এ সুবিধা জুন ৩০, ২০১০ তারিখ পর্যন্ত বহাল থাকবে।

ঋণ পুনঃতফসিলিকরণের বিষয়ে ইতোপূর্বে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ০১, ০২ ও ০৩ তারিখ যথাক্রমে জানুয়ারী ১৩, ২০০৩, ফেব্রুয়ারী ১৪, ২০০৬ ও মার্চ ১৯, ২০০৬ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫